



ধানমন্ডি ৩২ নম্বরে উত্তেজনা, বুলডোজার নিয়ে রাস্তায় ছাত্র-জনতা



সংগৃহীত ছবি

মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এবং সাবেক আইজিপি আব্দুল্লাহ আল-মামুনের বিরুদ্ধে রায় ঘোষণা করতে যাচ্ছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। এই রায়ের আগেই বুলডোজার নিয়ে ধানমন্ডি ৩২ নম্বরের রাস্তায় পুনরায় জড়ো হয়েছে ছাত্র-জনতা।

পুলিশ দ্রুত বেরিকেট দিয়ে তাদের রাস্তায় প্রবেশ বন্ধ করেছে। কিন্তু বাধা সত্ত্বেও কিছু বিক্ষোভকারী বেরিকেট পেরিয়ে রাস্তায় বসে পড়েছে। তারা সেখানে শেখ হাসিনার ফাঁসির দাবিতে স্লোগান দেয় এবং জানান, স্বৈরাচারের কোনো জায়গা তারা দেশে মেনে নেবে না। আন্দোলনকারীরা আরও দাবি করছে, ভবনের জায়গায় তারা একটি খেলার মাঠ চান।

পুলিশের কর্মকর্তা বলেন, পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে তারা সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করছে এবং কেউ যেন বাধার মধ্যে ঢুকতে না পারে তা নিশ্চিত করা হবে। তৎক্ষণাত সরেজমিনে দেখা যায়, আইনশৃঙ্খলা বাহিনী বিক্ষোভকারীদের সরিয়ে দেওয়ার চেষ্টা চালাচ্ছে।